দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 31 AUG 2016 ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৭ ......

# ইংরেজিতে ফেল

মো. নিজাম উদ্দিন

ইংরেজি একটি আন্তর্জাতিক ভাষা। বিশ্বের সবচেয়ে বেশি মানুষের জানা ও কথিত ভাষা হচ্ছে ইংরেজি। ইংরেজিকে বিশ্বের লিঙ্গুয়া ফ্রাঙ্কাও বলা হয়। পৃথিবীর ৫৪টি দেশে ইংরেজি সরকারি ভাষা হিসেবে ব্যবহৃত হয়। জাতিসংঘ, ইউরোপীয় ইউনিয়ন; কমনওয়েলথ ইত্যাদি আন্তর্জাতিক সংস্থাগুলো তাদের অনুষ্ঠান পরিচালনায় ব্যবহার করে ইংরেজি ভাষা। এসব থেকে আমরা বুঝতে পারি যে ইংরেজি শেখা কতটা গুরুত্বপূর্ণ।

গত ১৮ আগস্ট প্রকাশিত ২০১৬ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফলাফলে দেখা যায়, ফেল করা শিক্ষার্থীদের মধ্যে ৪০ শতাংশ ইংরেজি বিষয়ে ফেল করেছে। এই ফলাফল থেকে বোঝা যায় যে ইংরেজিতে কতটা পিছিয়ে আছে আমাদের শিক্ষাব্যবস্থা।

ইংরেজি ভালোভাবে বুঝতে না পারাই ফেল করার কারণ বলে মনে করি। কেননা আমাদের দেশে শিক্ষার্থীরা বেশিরভাগ ক্ষেত্রে মুখস্ত বিদ্যায় পারদর্শী। শিক্ষকরা শিক্ষার্থীদের মুখস্ত করার জন্যই উপদেশ দিয়ে থাকেন। এমনকি ক্লাসে শিক্ষকরা সেই মুখস্ত করা পড়া নেন মুখে। এতে করে শিক্ষার্থীরা মুখস্ত পাঠ ছাড়া অন্য কিছু নিয়ে প্রশ্ন করা হলে সেই প্রশ্নের উত্তর দিতে হিমশিম খায়।

এছাড়া অনেক শিক্ষক নিজস্ব উদ্যোগে ইংরেজি বিষয়ে সংক্ষিপ্ত সিলেবাস তৈরি করেন। এই সিলেবাস মুখস্ত করেই শিক্ষার্থীরা পরীক্ষার প্রস্তুতি নেয়। যখন সিলেবাস থেকে প্রশ্ন আসে না তখন তারা ফেল করে। কেননা এইসব শিক্ষার্থীর জ্ঞান এই সিলেবাসের মধ্যেই আবদ্ধ।

এই সমস্যা থেকে পরিত্রাণ পেতে হলে শিক্ষকদের তাদের দায়িত্ব সঠিকভাবে পালন করতে হবে। কেননা জাতি গঠনের কারিগর এই শিক্ষকরাই শিক্ষার্থীদের মুখস্ত বিদ্যার মতো আবদ্ধ অবস্থা থেকে ফিরিয়ে আনতে পারেন। মন্ত্রণালয় যদি শিক্ষকদের ইংরেজি বিষয়ে ভালো প্রশিক্ষণের ব্যবস্থা করে এবং প্রশ্ন তৈরির ক্ষেত্রে প্রতিবছর সৃজনশীলতার সঙ্গে নতুন প্রশ্ন তৈরি করে তবেই সমস্যা দূর হবে। মন্ত্রণালয়ের পদক্ষেপের পাশাপাশি শিক্ষকরাও নিজস্ব দায়িত্ববোধ থেকে ইংরেজির মান উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে মনে করি।

মৌলভীবাজার সরকারি কলেজ